

Prime Minister Shri Narendra Modi leads India's participation at the 12th BRICS Summit

November 18, 2020

দ্বাদশ ব্রিকস শীর্ষ সম্মেলনে আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত অংশ নিয়েছে

নভেম্বর 18, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী নেতৃত্বে, ভারত দ্বাদশ ব্রিকস শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেছে। ভারুয়ালি আজকের এই সম্মেলনে পৌরহিত্য করেছেন রাশিয়ার রাষ্ট্রপতি মিঃ ব্লাদিমির পুতিন। এবারের সম্মেলনের বিষয় ছিল ‘আন্তর্জাতিক স্থিতিশীলতা, অভিন্ন সুরক্ষা ও উদ্ভাবনমূলক উন্নয়ন।’ সম্মেলনে ব্রাজিলের রাষ্ট্রপতি জায়ের বোলসোনারো, চীনের রাষ্ট্রপতি শি জিংপিং এবং দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি সিরিল রামাফোসা উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী কোভিড-১৯ মহামারীর মধ্যেও রাশিয়ার সভাপতিত্বে ব্রিকস গোষ্ঠী সক্রিয় থাকার জন্য রাষ্ট্রপতি পুতিনের প্রশংসা করেছেন। তিনি বলেছেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইতে এবং আন্তর্জাতিক অর্থনীতির উন্নয়নে ব্রিকস উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। প্রধানমন্ত্রী রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ সহ এই সংস্থার প্রয়োজনীয় সংস্কারের আহ্বান জানিয়েছেন। যুগের সঙ্গে তাল মিলিয়ে চলার জন্য তিনি বিশ্ব বাণিজ্য সংস্থা, আন্তর্জাতিক মুদ্রা তহবিল, বিশ্ব স্বাস্থ্য সংস্থা ইত্যাদি সংস্থাগুলিরও সংস্কারের প্রস্তাব দিয়েছেন।

প্রধানমন্ত্রী কোভিড-১৯ মহামারীর বিরুদ্ধে সহযোগিতার আহ্বান জানিয়েছেন। ভারত এই সময়ে ১৫০টিরও বেশি দেশে গুরুত্বপূর্ণ ওষুধ সরবরাহ করেছে। তিনি বলেছেন ২০২১ সালে ব্রিকসের সভাপতি হিসেবে ভারত সংশ্লিষ্ট রাষ্ট্রগুলির মধ্যে সহযোগিতার ওপর গুরুত্ব দেবে। এর মধ্যে রয়েছে চিরাচরিত ওষুধ, ডিজিটাল স্বাস্থ্য পরিষেবা, জনসাধারণের মধ্যে যোগাযোগ ও সাংস্কৃতিক আদান-প্রদান।

সম্মেলনের শেষে ব্রিকস নেতৃবৃন্দ ‘মস্কো ঘোষণা’ গ্রহণ করেছেন।

নিউ দিল্লী

নভেম্বর 18, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.